

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কমান্ড্যান্টের কার্যালয়
মাদারীপুর।

স্মারক নং ৪৪.০৩.৩০৫৪.০০২.০০.০০০.২৪- ২৭২

তারিখ : ০১ ফাল্গুন ১৪৩০
২৫ ফেব্রুয়ারি ২০২৪

অফিস আদেশ

এই মর্মে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করা যাচ্ছে যে, জেলা আনসার ও ডিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, মাদারীপুরে আগামী ২৭/০২/২০২৪ খ্রি. হতে ০৯/০৪/২০২৪ খ্রি. পর্যন্ত ৫০ জনের ৪২ দিন মেয়াদী ৫ম ধাপ মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ (পুরণ) অনুষ্ঠিত হবে।

সে লক্ষ্যে প্রকল্প প্রশিক্ষণ শাখা, সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬৪.২৫.০০১.২৩-২৩৬, তারিখ : ১৮/৯/২০২৩ খ্রি. মূলে জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী বর্ণিত উপজেলার নির্ধারিত কোটা অনুযায়ী বিধি মোতাবেক প্রশিক্ষণার্থী (পুরণ) চূড়ান্ত বাছাই পূর্বক আগামী ২৭/০২/২০২৪ খ্রি. তারিখ সকাল ০৮.০০ ঘটিকায় মাদারীপুর জেলা আনসার ও ডিডিপি কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।

ক্র. নং	প্রশিক্ষণের নাম	মেয়াদ ও স্থান	প্রশিক্ষণার্থীর কোটা	মন্তব্য
০১	মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ (ডিডিপি-পুরণ) ৫ম ধাপ	৪২ দিন জেলা আডি কার্যালয়, মাদারীপুর	সদর-০৩, কালাকিনি-০৩, ডাসার-০২, রাজৈর-০৩, শিবচর-০৩	

মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণ গ্রহণের যোগ্যতা-

- ০১। ডিডিপি মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাটিনভুক্ত সদস্য হতে হবে।
- ০২। ন্যূনতম ৮ম শ্রেণি পাস (তদুর্ধ্বদের অধিকার)
- ০৩। বয়স : ২১-৩০ পর্যন্ত (জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক থাকতে হবে)।
- ০৪। স্থানীয় চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- ০৫। সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
- ০৬। অসুস্থ, অযোগ্য এবং প্রশিক্ষণ গ্রহণে অনিচ্ছুক কোন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণের জন্য নির্বাচন করা যাবে না।

একই সাথে বিষয়টি ব্যাপক হারে প্রচারের কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

(বি. দ্র. বাছাইকৃত প্রার্থীকে প্রশিক্ষণে অংশ গ্রহণের দিন তার সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি ও সত্যায়িত ফটোকপি, স্থানীয় চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে। অন্যথায় তাকে প্রশিক্ষণে অংশ গ্রহণ হতে বিরত রাখা হবে।

স্মারক নং ৪৪.০৩.৩০৫৪.০০২.০০.০০০.২৪- ২৭২

অনুলিপি :

- ১। উপ-মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ঢাকা রেঞ্জ, ঢাকা।
- ২। প্রকল্প প্রশিক্ষণ শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- ৩। উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা
সদর/ডাসার/কালাকিনি/রাজৈর/শিবচর, মাদারীপুর।
- ৪। অফিস/মাস্টার কপি।

সদয় অবগতির জন্য।

অবগতি ও কার্যক্রমের জন্য।

সংরক্ষণের জন্য।

ফারজানা রহমান
বিএডি নং- ১২০১৯০
জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
মাদারীপুর।

মোবাইল নম্বর : ০১৭৩০০৩৮০৭০

তারিখ : ০১ ফাল্গুন ১৪৩০
২৫ ফেব্রুয়ারি ২০২৪

২৫.২
২০২৪

২৫.২
২০২৪

জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
মাদারীপুর।

২৫.২
২০২৪